**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Assembly session end to syn edie**:

রাজ্য বিধানসভার অধিবেশন শেষ হয়েছে।গতকাল রাত ৯ টা ৩৫ মিনিটে উপাধ্যক্ষ রাম প্রসাদ পাল অধিবেশন অনির্দিষ্টকালের জন্য মূলতবী ঘোষণা করেন। ত্রয়োদশ বিধানসভার ৮ম অধিবেশন গত শুক্রবার দুই দিনের জন্য বসে।

এদিকে, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা রাজ্য সরকারী কর্মচারী ও পেনশনারদের জন্য ৩% ডি এ এবং ডি আর ঘোষণা করেছেন। গতকাল রাতে বিধানসভা অধিবেশনের সমপ্তির আগে এই ঘোষনা দেন মুখ্যমন্ত্রী। তিনি কর্মচারী পেনশনারদের জন্য একে পূজার উপহার হিসেবে বর্ননা করেন ।এই ডি এ এবং ডি আর কার্যকর হবে আগামী ১ লা অক্টোবর থেকে। এতে বছরে অতিরিক্ত ১২৫ কোটি টাকা খরচ হবে। উপকৃত হবেন ১ লাখ ৫ হাজার ৭৩৯ জন কর্মচারী ও ৮৪ হাজার ৩৪২ জন পেনশনভোগী। এর আগে রাজ্যসরকারী কর্মচারীরা ৩৩ শতাংশ ডি এ পেতেন।

মুখ্যমন্ত্রী রা্জ্যবাসীকে শারদ উৎসবের আগাম শুভেচ্ছা জানান ও শারদ উৎসব শান্তিপূর্ণ ও আনন্দের সঙ্গে অতিবাহিত হবে বলে আশা ব্যক্ত করেন।

******************************

**Smart Meter:**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ জানিয়েছেন কারও বাড়িতে জোর জবরদস্তি করে বিদ্যুতের স্মার্ট মিটার বসানো হবে না। গ্রাহকদের সহমতের ভিত্তিতে স্মার্ট মিটার বসানো হবে। তিনি গতকাল বিধানসভায় স্মার্ট মিটার নিয়ে এক বক্তব্যে একথা জানান। তিনি বলেন, রাজ্যে এখন পর্যন্ত ১ লাখ ৬ হাজার ৯৭৪ টি স্মার্ট মিটার বসানো হয়েছে। তিনি বলেন, স্মার্ট মিটার বসানোর সিদ্ধান্ত দেশব্যাপি। সারা দেশে এই স্মার্ট মিটার বসানোর সময়সীমা ২০২৬ সাল থেকে বাড়িয়ে ২০২৮ সালের ৩১ শে মার্চ করা হয়েছে।

এই আলোচনায় সুযোগ না দেওয়ার অভিযোগে বিরোধী সিপিএম সদস্যরা রাত ৮ টা ১০ মিনিটে অধিবেশন কক্ষ থেকে ওয়াক আউট করে বেরিয়ে যান বাকী সময়ের জন্য।

******************************

**Assembly-Unemployed :**

কর্ম বিনিয়োগ ও জনশক্তি পরিকল্পনা মন্ত্রী টিংকু রায় জানিয়েছেন রাজ্যে বর্তমানে নথিভুক্ত বয়স উত্তীর্ণ বেকার সংখ্যা ১৫ হাজার ৪৬৯ জন। গতকাল বিধানসভায় বিধায়ক গোপাল চন্দ্র রায় এবং নয়ন সরকারের এক প্রশ্নের উত্তরে তিনি একথা জানান। শ্রী রায় জানান, বর্তমানে বেকারদের যোগ্যতানুয়ায়ী বেকারভাতা প্রদানের জন্য আপাতত রাজ্য সরকারের কোন পরিকল্পনা নেই। বয়স উত্তীর্ণ বেকারদের কর্মসংস্থানের জন্য বয়সের ছাড় দেবারও কোনো পরিকল্পনা নেই বলে তিনি জানান।

******************************

**Assembly-reference period :**

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন, মুখ্যমন্ত্রী জন আরোগ্য যোজনার সুবিধা যাতে সমস্ত সরকারি কর্মচারি পেতে পারেন তার জন্য একটি নীতি

নির্দেশিকা তৈরি করা হচ্ছে। গতকাল বিধানসভায় বিধায়ক গোপাল চন্দ্র রায়ের একটি দৃষ্টি আকর্ষনী নোটিশের জবাবের অর্থমন্ত্রী একথা জানান| তিনি জানান, কর্মচারীদের ডি.এ-র ব্যবধান যাতে ধীরে ধীরে কমানো যায় তারজন্য রাজ্য সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে।

******************************

**Tri partite Agreement**:

মুখ্যমন্ত্রী বলেছেন,রাজ্য সরকার রাজ্যের জনজাতি অংশের মানুষের আর্থ সামাজিক মানোন্নয়নে সব রকম উদ্যোগ নিয়ে কাজ করছে। গতকাল রাতে বিধানসভা অধিবেশনে বলেন, জনজাতিদের উন্নয়ন ছাড়া রাজ্যের সামগ্রিক উন্নয়ন সম্ভব নয়। গত বছর কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার ও তিপরা মথা দলের মধ্যে দিল্লিতে স্বাক্ষরিত ত্রিপক্ষীয় চুক্তি নিয়ে বিধায়ক রঞ্জিত দেববর্মার এক জরুরী জনস্বার্থ বিষয়ক প্রস্তাবের উপর আলোচনায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, চুক্তি কার্যকর করা রাজ্য সরকারের একার বিষয় নয়। এই চুক্তি রূপায়নে দেরী হচ্ছে বলে তিপরা মথা দলের সদস্য মন্ত্রী অনিমেষ দেববর্মা তিপরা মথা দলের বিধায়ক রঞ্জিত দেববর্মা, স্বপ্না দেববর্মা, চিত্ত রঞ্জন দেব্বর্মা অভিযোগ করেন। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মাও চুক্তি রূপায়নের বিষয়টি রাজ্য সরকারের একার এক্তিয়ারে নেই বলে জানান।

******************************

**Seva Pakhwada :**

সেবাপক্ষ অভিযান কর্মসূচীর অঙ্গ হিসাবে গতকাল কাঞ্চনপুরের নিউ সংহতি ক্লাবের উদ্যোগে এক রক্তদান শিবিরের আয়োজন করা হয়। শিবিরে ৪৬ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

## Trible Sub Plan-Kanchanpur :

কাঞ্চনপুর মহকুমা মৎস্য দপ্তরের উদ্যোগে ও ন্যাশনাল ফিসারিজ ডেভেলপমেন্ট বোর্ডের সহায়তায় গতকাল কাঞ্চনপুরে জনজাতি মৎস্য চাষীদের নিয়ে একদিনের এক কর্মশালা অনুষ্ঠিত হয়| এই কর্মশালায় মৎস্য চাষীদের বিজ্ঞান ভিত্তিক মাছ চাষের প্রশিক্ষণ দেওয়া হয়| লালজুরি, জম্পুইহিল এবং দশদা ব্লকের মোট ১00 জন জনজাতি মৎস্যচাষীরা এই কর্মশালায় অংশ গ্রহন করে।

******************************

## Wild Life Week-Kanchanpur :

বনাঞ্চল ও বন্যপ্রাণী সংরক্ষণে জনসাধারণকে সচেতন ও উৎসাহিত করার লক্ষ্যে কাঞ্চনপুর মহকুমা বন দপ্তর বিভিন্ন কর্মসূচি গ্রহণ করেছে। তারই অঙ্গ হিসেবে গতকাল কাঞ্চনপুর মহকুমা বন দপ্তরের উদ্যোগে শান্তি ম্যানশন ইনস্টিটিউট মাধ্যমিক বিদ্যালয়ে বৃক্ষরোপন, প্রভাত ফেরী ও বসে আঁকো প্রতিযোগিতার আয়োজন করা হয়।

******************************

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮-শে সেপ্টেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৬তম পর্ব| বেলা ১১টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত”

সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮00-১১-৭৮00 নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

******************************

**ASHWINI BAISHNAW-TRAIN SERVICE:**

রেলমন্ত্রী অশ্বিনী বৈষ্ণো ঘোষণা করেছেন, যাত্রীদের সুবিধার্থে দীপাবলি এবং ছট উৎসবের সময় বারো হাজার বিশেষ ট্রেন চালানো হবে। গতকাল নয়াদিল্লিতে এক সংবাদ সম্মেলনে শ্রী বৈষ্ণো বলেন, এই বিশেষ ট্রেনগুলি ১লা অক্টোবর থেকে ১৫ নভেম্বর পর্যন্ত চলবে। তিনি জানান, গত বছর দীপাবলি এবং ছট উৎসবের সময় সাত হাজার ৭৫0টি বিশেষ ট্রেন চালানো হয়েছিল। মন্ত্রী আরও বলেন, দশ হাজার ট্রেনকে চিহ্নিত করা হয়েছে এবং শেষ মুহূর্তে ১৫0টি সম্পূর্ণ অসংরক্ষিত ট্রেন দ্রুত চলাচলের জন্য প্রস্তুত রাখা হবে। রেলমন্ত্রী বলেন, রেলের ২৯টি বিভাগ ট্রেন পরিচালনায় ৯৫ শতাংশ সময়ানুবর্তিতা বজায় রাখতে পেরেছে।এই বিভাগগুলির মধ্যে রয়েছে মালদা, নাগপুর, কোটা, রাঁচি, জয়পুর, রাজকোট, বিকানের এবং আহমেদাবাদ। শ্রী বৈষ্ণো বলেন, রেল মন্ত্রক ৭0টি বিভাগে ১00 শতাংশ সময়ানুবর্তিতা অর্জনের জন্য প্রয়াস চালিয়ে যাচ্ছে।

******************************

**Weather :**

আজ আকাশ সাধারনত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদুৎ সহ দু'এক পশলা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৫ ডিগ্রি সেলসিয়াস।

******************************

****************************